

# বাকুবির বঙ্গবন্ধু স্মৃতি চত্বর ধ্বংস, তদন্তের দাবি শিক্ষার্থীদের

বাকুবি প্রতিনিধি

১৫ আগস্ট,  
২০২৪ ১৯:২১

শেয়ার

অ +

অ -



বঙ্গবন্ধু স্মৃতি চত্বর, আগে ও পরে। ছবি: কালের কণ্ঠ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ঐতিহাসিক বঙ্গবন্ধু স্মৃতি চত্বর সম্পূর্ণভাবে ধ্বংস করেছে দুর্বৃত্তরা। বুধবার (১৪ আগস্ট) গভীর রাতে বুলডোজার দিয়ে পুরো চত্বরটি গুঁড়িয়ে দেওয়া হয়েছে বলে ধারণা করছেন শিক্ষার্থীরা।

৫ আগস্ট চত্বরটির ওপর আংশিক ভাঙচুর চালিয়ে বঙ্গবন্ধুর নাম ও প্রতিকৃতি তুলে ফেলে দুর্বৃত্তরা। এ ঘটনার পর থেকে ক্যাম্পাসজুড়ে নিরাপত্তা নিয়ে উদ্বেগ দেখা দেয়।

বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী বলেন, ‘বঙ্গবন্ধু চত্বরটি আমাদের প্রতিটি শিক্ষার্থীর আবেগ, অনুভূতি ও স্মৃতির সঙ্গে জড়িয়ে ছিল। এভাবে ধ্বংস হতে দেখব, তা কখনো ভাবিনি।’

বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা চিফ মো. নাজমুল ইসলাম বলেন, ‘ভাঙচুরের বিষয়টি আমাদের কেউ জানায়নি। কয়েক দিন ধরে ক্যাম্পাসে বহিরাগতদের আনাগোনা বেড়েছে, যা নিরাপত্তার জন্য হুমকি।

নিরাপত্তাকর্মীরা ঘটনাস্থলে উপস্থিত ছিল না, এবং কয়েক দিন আগে সিসিটিভি ক্যামেরাগুলো ভেঙে পড়লেও সেগুলো মেরামত করা হয়নি।’

উল্লেখ্য, ১৯৭৩ সালের ১৩ ফেব্রুয়ারি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাকুবির এই চত্বরে এসে কৃষিবিদদের সরকারি চাকরির মর্যাদা দ্বিতীয় শ্রেণি থেকে প্রথম শ্রেণিতে উন্নীত করার ঘোষণা দেন। পরবর্তীতে তার স্মৃতিকে সংরক্ষণের উদ্দেশ্যে এই চত্বরটি নির্মাণ করা হয়। চত্বরটি কৃষিবিদদের জন্য গর্ব ও মর্যাদার প্রতীক হিসেবে বিবেচিত।

